উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

স্মারক নং- উ.প.কা/হালু/স্থায়ী কমিটি/২০২১- ১১৭ তারিখঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ।

# সভার নোটিশ

হালুয়াঘাট উপজেলা পরিষদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত স্থায়ী কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

১। কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের ।

২। বিবিধ।

০৭/০৯/২১

(শাখাওয়াত হোসেন ফকির)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। সিভিল সার্জন,ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান, আমতৈল/ হালুয়াঘাট ইউ.পি.।
৯। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তারকার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব শাখাওয়াত হোসেন ফকির,উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১৯/০৯/২০২১ খ্রিঃ, সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিতসদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপরউপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাও সদস্য সচিব কে হালুয়াঘাট উপজেলায় স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার, জানান যে, বর্তমানে হাসপাতালে ১০ জন ডাক্তারের মধ্যে ৭ জন ডাক্তার কর্মরত ও ৩ জন ডাক্তার ডেপুটেশনে রয়েছে। তাছাড়া হাসপাতালের পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য সুইপারের স্বল্পতা রয়েছে এবং ধুরাইল উপ-স্বাস্থ্য কেন্দ্রে ১ জন মেডিকেল এসিসট্যান্ড প্রদায়ন করা হয়েছে। তিনি হাসপাতালের অভ্যন্তরে অবৈধ গাড়ি পার্কিংকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হাজার হাজার চিকিৎসক ও নার্স নিয়োগ দিয়েছেন এবং তাদের উচিত কর্মস্থলে উপস্থিত থেকে দরিদ্র জনগণকে চিকিৎসা সেবা নিশ্চিত করা, পাশাপাশি হালুয়াঘাট হাসপাতালে সার্বক্ষণিক যাতে গাইনী ডাক্তার থাকে যা নিশ্চিত করা এ বিষয়ে তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।<br><br>গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট জানান যে, হাসপাতালের আগত সেবা প্রার্থীদের যাতে কোন চিকিৎসা নেয়ার ক্ষেত্রে কোন অসুবিধা না হয় সে ক্ষেত্রে ডাক্তারগণ যাতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত না থাকতে পারে এ বিষয়টি লক্ষ রাখার জন্য অনুরোধ জানান এবং ডাক্তারগণ যাতে কর্মস্থলে উপস্থিত থেকে হাসপাতালে আগত রোগীদের সেবা করতে পারে এ জন্য ডাক্তারদের নামে বাসা বরাদ্দ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান এবং হাসপাতালের অভ্যন্তরে গাড়ি পার্কিং রোধ করার জন্য একটি সাইনবোর্ড লাগানোর জন্য নির্দেশ প্রদান করেন এবং কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত চালু রেখে এবং কমিউনিটি ক্লিনিক গুলোতে পরিদর্শন বাড়ানোর জন্য তিনি অনুরোধ | ১.উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত চিকিৎসকগণকে কর্মস্থলে উপস্থিত থেকে জনগণকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>২. মোবাইল ফোনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>৩. মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্য সংশ্লিষ্ট সকলের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।<br>৪. কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)গণ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো চালু রেখে সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগ নিয়মিত চালু রেখে ডাক্তারের উপস্থিতিতে স্বাস্থ্য সেবা প্রদান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাখাওয়াত হোসেন ফকির)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হালুয়াঘাট।

স্মারক নং- উ.প.কা/হালু/স্থায়ী কমিটি /হালু/২০২১- ২৬৮ তারিখঃ ১৯/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
৩। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। উপজেলা ........................................অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৭। চেয়ারম্যান, আমতৈল/ হালুয়াঘাট ইউ.পি.।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা
হালুয়াঘাট, ময়মনসিংহ।

১৯/০৯/২০২১ খ্রিঃ তারিখের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রঃ নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট | সভাপতি | |
| ২ | চেয়ারম্যান, আমতৈল ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৩ | চেয়ারম্যান, হালুয়াঘাট, ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৪ | উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ। | সদস্য | |
| ৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ। | সদস্য | |
| ৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হালুয়াঘাট, ময়মনসিংহ। | সদস্য | |
| ৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিবার কল্যাণ কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ। | সদস্য-সচিব | |